ভোরের কাগজ

তারিখ : 04 NOV 1998
পৃষ্ঠা ৪ কলাম ৪

## প্রশিক্ষণ ইনস্টিটিউট ও প্রশিক্ষণ

শিক্ষার মানোন্নয়নে শিক্ষকের বিকল্প নেই। আবার শিক্ষকের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণেরও বিকল্প নেই। এই বাস্তবকে উপলব্ধি করে ময়মনসিংহে প্রতিষ্ঠিত হয়েছে "উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট"। বেশ কয়েক বছর ধরে এই প্রতিষ্ঠানটি উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষকগণকে নিয়মিত প্রশিক্ষণ দিয়ে আসছে। তবে বিজ্ঞানের বিষয়গুলো সম্পূর্ণ টেকনিক্যাল হওয়া সত্ত্বেও আমরা কটিয়াদী ডিগ্রী কলেজের (১৯৬৮ সালে প্রতিষ্ঠিত) বিজ্ঞান বিভাগের চারজন শিক্ষকের মধ্যে (পদার্থ, রসায়ন, জীব, গণিত) একজনও এ পর্যন্ত প্রশিক্ষণের জন্য মনোনীত হইনি। ফলে সম্পূর্ণ নতুন আঙ্গিকে প্রণীত সিলেবাস অনুযায়ী শিক্ষার্থীগণকে সুষ্ঠুভাবে শিক্ষা দেওয়া যাচ্ছে না। কেন একটি ঐতিহ্যবাহী কলেজের বিজ্ঞান বিভাগের শিক্ষকগণ প্রশিক্ষণ লাভে বঞ্চিত হবে, এই প্রশ্ন আমাদের সকলের।

উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের মানোন্নয়ন নীতি পর্যালোচনা করে যতো তাড়াতাড়ি সম্ভব এই কলেজের বিজ্ঞান বিভাগের শিক্ষকগণের প্রশিক্ষণের ব্যবস্থা করে শিক্ষার্থীগণকে সঠিকভাবে শিক্ষাদানের পরিবেশ সৃষ্টি করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে দাবি জানাচ্ছি।

মোঃ বজলুর রহমান
অধ্যাপক, গণিত বিভাগ
কটিয়াদী ডিগ্রী কলেজ
কটিয়াদী, কিশোরগঞ্জ।